

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচি
পল্লী ভবন, ৫ কাওরানবাজার, ঢাকা ১২১৫
www.iresppw-brdb.gov.bd


স্মারক নং: ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.১৫৬.২২.০২০

তারিখ: ১০.১২.২০২৪ খ্রি.

বিষয়: ব্যাখ্যা তলব

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ইরেসপো প্রকল্প এবং কর্মসূচির সূফলভোগীদের সঞ্চয়সহ বিভিন্ন উৎস হতে প্রাপ্ত অর্থ ব্যাংকে স্থায়ী আমানত হিসাবে সংরক্ষণের জন্য অত্র দপ্তর থেকে বিভিন্ন সময়ে নির্দেশনা প্রদান করা হয়। অর্থ মন্ত্রণালয়ের নথি নং ৫৩.০০.০০০০.৩৩১.২২.০০১.১৮.৯৩, তারিখ ০২.০৪.২০১৮ খ্রি. মূলে মোট তহবিলের সর্বোচ্চ ৫০% পর্যন্ত অর্থ বেসরকারি ব্যাংকে আমানত রাখার সুযোগ রয়েছে। কিন্তু আপনার কর্মকালীন কয়রা উপজেলায় স্থায়ী আমানতকৃত মোট ৬৪৭০৩৭৮.০০ (চৌষট্টি লক্ষ সত্তর হাজার তিনশত আটাত্তর) টাকার সমুদয় অর্থ দুটি বেসরকারী ব্যাংকে (ফাস্ট সিকিউরিটি ইসলামী ব্যাংক এবং বাংলাদেশ কমার্স ব্যাংক, কয়রা, খুলনা) রাখা হয়েছে। বুকিপূর্ণ বেসরকারি ব্যাংকে প্রকল্পের সমুদয় অর্থ স্থায়ী আমানত হিসেবে রাখায় প্রকল্প/কর্মসূচির তহবিল বুকির মধ্যে রয়েছে এবং অর্থ মন্ত্রণালয়ের আমানত রাখার বিষয়ে উল্লেখিত পত্রের নির্দেশনা লঙ্ঘিত হয়েছে। আপনি ব্যক্তিগত লাভ/সুবিধা গ্রহণের লক্ষ্যে সরকারি নির্দেশনার লঙ্ঘন করে বুকিপূর্ণ বেসরকারি ব্যাংকে আমানত রেখেছেন মর্মে কর্তৃপক্ষের নিকট প্রতিয়মান হয়েছে। বুকিপূর্ণ বিনিয়োগের ফলে আমানতকৃত অর্থ নগদায়নে কোন জটিলতা বা সমস্যার উদ্ভব হলে সূফলভোগীদের জমাকৃত অর্থ পরিশোধ করা সম্ভাব হবেনা যার দায়ভার ব্যক্তিগতভাবে আপনার উপর বর্তাবে।

২। এমতাবস্থায়, সরকারি নির্দেশনা মোতাবেক নির্ধারিত পরিমানের অধিক অর্থ বেসরকারি বুকিপূর্ণ ব্যাংকে স্থায়ী আমানত হিসাবে রাখার কারণে আয়ন ব্যয়ন কর্মকর্তা হিসাবে কেন আপনার বিরুদ্ধে দায়িত্ব ও কর্তব্য পালনে অবহেলা, সরকারি নির্দেশনা অমান্য এবং অদক্ষতার অভিযোগে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবেনা তার সন্তোষজনক জবাব আগামী ২২.১২.২০২৪ খ্রি. তারিখের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে কর্মসূচি পরিচালক বরাবরে প্রেরণের জন্য বলা হলো।


নাদিরা হায়দার (যুগ্ম সচিব)
পরিচালক (সরেজমিন)
ফোন : ০২-৪১০১০৩২২

জনাব হরষিত রায়
উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা
মোল্লাহাট, বাগেরহাট
(সাবেক কয়রা, খুলনা)

অনুলিপি: সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। কর্মসূচি পরিচালক, ইরেসপো, বিআরডিবি, ঢাকা।
- ২। প্রোগ্রামার, বিআরডিবি, ঢাকা (প্রকল্পের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৩। উপপরিচালক, বিআরডিবি, বাগেরহাট।
- ৪। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
- ৫। অফিস নথি।